



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)



নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।

(www.brta.gov.bd)

ড্রাইভিং লাইসেন্স ইস্যুর প্রক্রিয়া সহজীকরণ এবং প্রিন্টেড কার্ড গ্রাহকদের বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

- সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত সেবা প্রাপ্তির সহজতর করার লক্ষ্যে দুইবার আবেদন করার পরিবর্তে লার্গার ড্রাইভিং লাইসেন্স এবং স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্সের জন্য অনলাইন বেজড একটি কন্সাইনড ফরমে একবার আবেদন দাখিল করার ব্যবস্থা গত ১৬ নভেম্বর ২০২২ তারিখ থেকে বিআরটিএ সার্ভিস পোর্টালে (BSP) চালু হয়েছে।
- উক্ত অনলাইন আবেদন প্রক্রিয়া চালুর ফলে আবেদনকারীকে অন্তত ৪ (চার) বারের পরিবর্তে শুধুমাত্র ০১ (এক) বার বিআরটিএ'র পরীক্ষা কেন্দ্রে এসে বায়োএনরোলমেন্ট প্রদান ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- এর ফলে আবেদনকারী প্রথমে অনলাইন ভেরিফিকেশন বেজড QR কোড সম্বলিত লার্গার ড্রাইভিং লাইসেন্স গ্রহণ করতে পারবেন।
- পরবর্তীতে পরীক্ষায় পাশ করার পর অনলাইনেই ফি প্রদানসহ আবেদনকারী কর্তৃক সিস্টেমে প্রবেশ করে যাবতীয় তথ্য ও সংযুক্তি যাচাইপূর্বক সাবমিট করতে হবে।
- এছাড়া আবেদনকারীগণ পরীক্ষার ফলাফল এবং আবেদনের প্রক্রিয়াকরণের প্রতিটি পর্যায়ে স্টেটাস অনলাইনে জানতে পারবেন এবং QR কোড বেজড সিস্টেম জেনারেটেড মোটরযান চালনার অস্থায়ী অনুমতিপত্র বা Acknowledgement Slip গ্রহণ করতে পারবেন।
- প্রিন্টিং কার্যক্রম সম্পাদন শেষে আবেদনকারীর প্রদত্ত ঠিকানায় ডাকযোগে ড্রাইভিং লাইসেন্স স্মার্ট কার্ড পৌঁছে দেয়া হবে।

বিশেষ দৃষ্টব্য:

- সেবাসমূহ প্রাপ্তির লক্ষ্যে <https://bsp.brta.gov.bd/> লিঙ্কে প্রবেশ করে জাতীয় পরিচয়পত্র নাম্বার এবং জন্ম তারিখ এন্ট্রিপূর্বক ইউজার আইডি খুলতে হবে।
- এ বিষয়ে কোন অভিযোগ বা পরামর্শ থাকলে info@brta.gov.bd ইমেইলে প্রেরণ করতে হবে।

বিআরটিএ